দৈনিক বাংলা

016

তারিখ ... 15.12.83 ...
পৃষ্ঠা ... 1 কলাম ... 7 ...

# বেসরকারী শিক্ষকরা চিকিৎসা ভাতা পাবেন

বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীরা আগামী বছর জানুয়ারী থেকে চিকিৎসা ভাতা পাবেন। শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান রোববার ঢাকায় একথা জানান।

বাসস জানায়, প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদের প্রতিশ্রুতি অনুযায়ী এই সিদ্ধান্ত নেয়া হয়: সিএমএলএ শনিবার ঢাকায় বেসরকারী কলেজ শিক্ষকদের দ্বিবার্ষিক সম্মেলন উদ্বোধনকালে শিক্ষকদের এই আশ্বাস দেন।

রোববার বিকেলে ওসমানী মিলনায়তনে সম্মেলনের সমাপ্তি অধিবেশনে শিক্ষামন্ত্রী বলেন, সরকার বেসরকারী কলেজ শিক্ষকদের গেজেটেড পদমর্যাদা দানের প্রস্তাবও বিবেচনা করছেন।

শিক্ষা ব্যবস্থাপনায় সম্প্রতিক কম্পিউটার ব্যবস্থা প্রবর্তনের উল্লেখ করে মন্ত্রী বলেন, শিক্ষা মন্ত্রণালয় বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন প্রশাসন সুষ্ঠুভিত্তিক করার জন্যেও কাজ করছেন।

তিনি বলেন, কম্পিউটারের সাহায্যে দু লাখ সাত হাজার শিক্ষকের প্রত্যেকের জীবনবৃত্তান্ত তৈরি করা হবে এবং এই জীবনবৃত্তান্তের ভিত্তিতে প্রত্যেক শিক্ষককে 'পে-স্লীপ' দেয়া হবে। তবে, মন্ত্রী বলেন, শিক্ষকদেরকে তাদের নিজস্ব জীবনবৃত্তান্ত যাচাই করে দেখার সুযোগ দেয়া হবে।

শিক্ষামন্ত্রী শিক্ষক সম্প্রদায়ের মর্যাদা সমুন্নত রাখার ব্যাপারে সরকারের দৃঢ়প্রত্যয় ব্যক্ত করেন। শিক্ষা ও সংস্কৃতির প্রসারের মাধ্যমে জাতির উন্নয়নের জন্য তিনি কলেজ শিক্ষকদের অবিরাম কাজ করে যাওয়ার আহ্বান জানান।

কলেজ শিক্ষক সমিতির সভাপতি জনাব এ কে এম শাহিদুল্লাহও অনুষ্ঠানে বক্তৃতা করেন। শিক্ষার মানোন্নয়ন এবং শিক্ষা ব্যবস্থা যুক্তিসঙ্গত করার ক্ষেত্রে সরকারের প্রচেষ্টায় অবদান রাখার জন্য তিনি শিক্ষকদের প্রতি আহ্বান জানান।